

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

সংবাদ বিবৃতি

সাংবাদিক রোজিনা ইসলামকে দীর্ঘক্ষণ অবরুদ্ধ রাখা ও গ্রেফতারের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)'র তীব্র নিন্দা এবং অবিলম্বে তাঁকে মুক্তি প্রদান ও জড়িতদের বিরুদ্ধে তদন্তসাপেক্ষে ব্যবস্থা নেয়ার দাবি

[১৮ মে ২০২১, ঢাকা] জাতীয় দৈনিক প্রথম আলোর জ্যেষ্ঠ সাংবাদিক রোজিনা ইসলামকে পেশাগত দায়িত্ব পালনকালে স্বাস্থ্য মন্ত্রণালয়ে টানা পাঁচ ঘণ্টা অবরুদ্ধ রাখা, শারীরিক ও মানসিকভাবে হেনস্তা করার পর তিনি অসুস্থ হয়ে পড়লে তাঁকে হাসপাতালে না নিয়ে শাহবাগ থানায় দীর্ঘক্ষণ বসিয়ে রেখে তাঁর বিরুদ্ধে অফিসিয়াল সিক্রেটস অ্যাক্টে মামলা দায়ের, তাঁকে ৬ দিনের রিমান্ডে নেয়ার আবেদন এবং জামিন আবেদন বাতিল হয়ে কারাগারে প্রেরণের ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) অত্যন্ত ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করছে। ফোরাম মনে করে, এর মাধ্যমে গণমাধ্যমের স্বাধীনতার ক্ষেত্রে একটি অত্যন্ত ন্যাকারজনক দৃষ্টান্ত স্থাপিত হলো যা অত্যন্ত অনভিপ্রেত ও অগ্রহণযোগ্য। একই সাথে এ ঘটনা অনুসন্ধানী ও বন্ধনিষ্ঠ সাংবাদিকতার ক্ষেত্রে একটি বড় আঘাত। ফোরাম এর তীব্র প্রতিবাদ জানাচ্ছে এবং সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তসাপেক্ষে ঘটনার সাথে জড়িত স্বাস্থ্য মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছে।

সুশাসন, জবাবদিহিতা ও জনগণের মানবাধিকার রক্ষায় স্বাধীন এবং অনুসন্ধানী সাংবাদিকতার কোনো বিকল্প নেই। কেবলমাত্র রাষ্ট্রীয় নিরাপত্তার সাথে জড়িত তথ্য ব্যতিরেকে যেকোন তথ্য সংগ্রহ করার অধিকার সাংবাদিকদের রয়েছে এবং সরকারের বিভিন্ন কার্যক্রম ও নীতি সম্পর্কে তথ্য জানার অধিকার জনগণের রয়েছে। জবাবদিহিতার সংস্কৃতি, টেকসই উন্নয়ন এবং জনমুখী শাসন প্রতিষ্ঠার ক্ষেত্রে এ চর্চা অত্যাवশ্যকীয়। একজন সাংবাদিককে এভাবে আটক রেখে হেনস্তা করা, গোপনীয়তা আইনের অধীনে গ্রেফতার করে রিমান্ড আবেদন করা ও কারাগারে প্রেরণ নিঃসন্দেহে স্বাধীন গণমাধ্যমের জন্য অশনিসংকেত।

রোজিনা ইসলাম দেশের অন্যতম নির্ভীক ও অনুসন্ধানী সাংবাদিক বলে পরিচিত। ফোরাম অবিলম্বে রোজিনা ইসলামের বিরুদ্ধে আনা সকল অভিযোগ প্রত্যাহার করে মুক্তি প্রদান, সুচিকিৎসা নিশ্চিত, তাঁকে হেনস্তার জন্য ক্ষতিপূরণ প্রদান ও তাঁর প্রতি অন্যায়ের বিচার নিশ্চিত করার জোর দাবি জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 2/16, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), **Bandhu Social Welfare Society (BSWS)**, Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women with Disabilities Development Foundation (WDDF).